গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।
**[কাস্টমস: অটোমেশন শাখা]**

নথি নং-০৮.০১.০০০০.০৯১.৫১.০০১.১৯/১৫৯ তারিখ: ২৩.০৮.২০২১ খ্রি.

**বিষয়: অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এর আওতায় তৈরিকৃত এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট (ইজিএম) মডিউল বাস্তবায়ন।**

সূত্র : (১) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং-০৮.০১.০০০০.০৯১.৫১.০০১.১৯/২৪, তারিখ: ০১.০২.২০২১ খ্রি.।
(২) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং-০৮.০১.০০০০.০৯১.৫১.০০১.১৯/২৯, তারিখ: ১৮.০২.২০২১ খ্রি.।
(৩) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং-০৮.০১.০০০০.০৯১.৫১.০০১.১৯/৪৬, তারিখ: ০৮.০৩.২০২১ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট মডিউল উন্নয়নের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বিগত ১৫.০২.২০২১ খ্রি. এবং ১৬.০২.২০২১ খ্রি. তারিখে কাস্টম হাউস, চট্টগ্রামে এ বিষয়ে রপ্তানি শুল্কায়ন, রপ্তানি পরীক্ষণ, ইজিএম শাখার কর্মকর্তা-কর্মচারী, আইটি কর্মকর্তা, শিপিং এজেন্ট, ফ্রেইট ফরোয়ার্ডার ও সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধিদেরকে অ্যাসাইকুডা টিমের সদস্যগণ কর্তৃক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

০২। কাস্টম হাউস, চট্টগ্রাম এ ইজিএম মডিউল বাস্তবায়নের প্রাথমিক পর্যায়ে এছাক ব্রাদার্স, অফডক- এ বিগত ০১.০৩.২০২১ খ্রি. তারিখ থেকে ইজিএম মডিউল চালু করা হয় এবং বর্ণিত ইজিএম মডিউল সুচারুভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে এর সাথে সংশ্লিষ্ট অংশীজনদের (শিপিং এজেন্ট, ফ্রেইট ফরোয়ার্ডার, সিএন্ডএফ এজেন্ট) বিগত ০৮.০৩.২০২১ খ্রি. এবং ০৯.০৩.২০২১ খ্রি. তারিখে প্রশিক্ষণ প্রদান করা হয়।

০৩। কাস্টম হাউস, আইসিডি, কাস্টম হাউস, মোংলা, কাস্টম হাউস, পানগাঁও, এসএপিএল ইনল্যান্ড ওয়াটার টার্মিনাল, মুক্তারপুর এবং কাস্টম হাউস, চট্টগ্রাম এর অধিভুক্ত এছাক ব্রাদার্স, অফডক- এ ইজিএম মডিউল সফলভাবে বাস্তবায়িত হওয়ার পরিপ্রেক্ষিতে কাস্টম হাউস, চট্টগ্রাম এর ১৭ টি অফডকসমূহে ইজিএম মডিউল চালুকরণের লক্ষ্যে নিম্নোক্ত কর্মসূচি প্রণয়ন করা হয়েছে:

**অফডকসমূহে ইজিএম মডিউল চালুকরণের রোডম্যাপ**

| ক্রম | অফডকের নাম | চালুকরণের তারিখ |
|---|---|---|
| ০১. | সামিট অ্যালাইয়েন্স পোর্ট লিমিটেড (ইস্ট) | ০১.০৯.২০২১ খ্রি. |
| ০২. | সামিট অ্যালাইয়েন্স পোর্ট লিমিটেড (ওয়েস্ট) | ০৮.০৯.২০২১ খ্রি. |
| ০৩. | ওশান কন্টেইনার লিমিটেড | ১৫.০৯.২০২১ খ্রি. |
| ০৪. | বিএম কন্টেইনার ডিপো লিমিটেড | ২২.০৯.২০২১ খ্রি. |
| ০৫. | কে ডি এস লজিস্টিকস লিমিটেড | ২৯.০৯.২০২১ খ্রি. |
| ০৬. | ইস্পাহানী সামিট অ্যালাইয়েন্স টার্মিনাল লিমিটেড | ০৬.১০.২০২১ খ্রি. |
| ০৭. | ইনকনট্রেড লিমিটেড | ১৩.১০.২০২১ খ্রি. |
| ০৮. | মেসার্স পোর্টলিংক লজিস্টিকস সেন্টার লিমিটেড | ২০.১০.২০২১ খ্রি. |

| ক্রম | অফডকের নাম | চালুকরণের তারিখ |
|---|---|---|
| ০৯. | ইস্টার্ন লজিস্টিকস লিমিটেড | ২৭.১০.২০২১ খ্রি. |
| ১০. | গোল্ডেন কন্টেইনার লিমিটেড | |
| ১১. | নেমশন কন্টেইনার ডিপো লিমিটেড | |
| ১২. | মেসার্স শফি মোটরস | ০৩.১১.২০২১ খ্রি. |
| ১৩. | মেসার্স ভার্টেক্স অফডক লজিস্টিকস সার্ভিসেস লিমিটেড | |
| ১৪. | চিটাগাং কন্টেইনার ট্রান্সপোর্টেশন কোং লিমিটেড (CCTCL) | |
| ১৫. | কে এন্ড টি লজিস্টিকস লিমিটেড | ১০.১১.২০২১ খ্রি. |
| ১৬. | কিউ এন এস কন্টেইনার সার্ভিসেস লিমিটেড | |
| ১৭. | ছাবের আহমেদ টিম্বার কোম্পানী লিমিটেড | |

০৪। উল্লেখ্য যে, ইজিএম মডিউল পরিপূর্ণভাবে বাস্তবায়িত হলে রপ্তানি বাণিজ্যে অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। সর্বোপরি, রপ্তানিকৃত পণ্যের বিষয়ে নিশ্চিত হওয়া, মানি লন্ডারিং প্রতিহত করা এবং নির্ভরযোগ্য রপ্তানি পরিসংখ্যান পাওয়া যাবে। এমতাবস্থায়, নির্ধারিত সূচি অনুযায়ী কাস্টম হাউস, চট্টগ্রাম এর অধিভুক্ত অফডকসমূহে ইজিএম মডিউল চালুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

23.08.2021

[রাকিবুল হাসান]

দ্বিতীয় সচিব (কাস্টমসঃ অটোমেশন)

ss.asycuda@gmail.com

**প্রাপক:**

কমিশনার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। সদস্য (কাস্টমসঃ রপ্তানি, বন্ড ও আইসিটি) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০২। সদস্য (কাস্টমসঃ নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৩। সদস্য (কাস্টমসঃ নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৪। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

০৫। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা।

০৬। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৭। প্রথম সচিব (কাস্টমসঃ অটোমেশন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৮। প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (FBCCI), মতিঝিল, ঢাকা।

০৯। প্রেসিডেন্ট, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (DCCI)।

১০। প্রেসিডেন্ট, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (CCCI)।

১১। সভাপতি, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (বিকডা), আগ্রাবাদ, চট্টগ্রাম।

১২। সভাপতি, শিপিং এজেন্টস অ্যাসোসিয়েশন, চট্টগ্রাম।

১৩। সভাপতি, বাংলাদেশ কন্টেইনার শিপিং অ্যাসোসিয়েশন, চট্টগ্রাম।

১৪। সভাপতি, ফ্রেইট ফরওয়ার্ডার্স এজেন্টস অ্যাসোসিয়েশন, চট্টগ্রাম।

১৫। সভাপতি, সিএন্ডএফ এজেন্টস অ্যাসোসিয়েশন, চট্টগ্রাম।